

আপনার এনএই চএস ডেন্টাল চেক–আপ



আপনার ডেন্টাল চেক-আপ সম্পর্কে তথ্য এবং কথন আপনার এটি করা উচিত

সুস্থ দাঁত ও মাড়ি আছে এমন প্রাপ্তব্যস্কদের জন্য যাদের দাঁতের রোগ হওয়ার ঝুঁকি কম, তাদের জন্য এটি প্রতি দুই বছর পর্যন্ত হতে পারে।



চেক-আপ কী?

চেক-আপ হলো যেখানে ডেন্টাল দলের একজন সদস্য আপনার দাঁত, মাড়ি এবং মুথ চেক করেন। তারা দাঁতের ক্ষয়, মুথের ক্যান্সার এবং মাড়ির রোগের লক্ষণগুলির জন্য আপনার পুরো মুখ পরীক্ষা করেন।

ভবিষ্যতে আপনার দাঁত, মুখ বা মাড়ির সমস্যা হওয়ার ঝুঁকি থাকলে ডেন্টাল টিম কাজ করবে।

কত ঘৰ ঘৰ আমাব চেক আপ কবা উচিত?

আপনার পরবর্তী চেক আপ কখন করা উচিত সে সম্পর্কে ডেন্টাল টিম আপনার বা আপুনার কেয়ারারের সাথে আলোচনা করবেন। আপনার যদি

কোনো দাঁতের চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে তারা আপনাকে জানাবে কখন আপনাকে ফিরে আসতে হবে যদি সমস্যাগুলি প্রথম দিকে ধরা পড়ে তবে সেগুলির চিকিৎসা করা অনেক সহজ এবং তা আরও খারাপ হওয়া বন্ধ করে।

সুস্থ দাঁত ও মাড়ি আছে এমন প্রাপ্তবয়স্কদের জন্য যাদের দাঁতের রোগ হওয়ার ঝুঁকি কম, তাদের জন্য এটি **প্রতি দুই বছর পর্যন্ত হতে পারে।**

স্বাস্থ্যকর দাঁত ও মাড়ি আছে এমন শিশু যাদের দাঁতের রোগ হওয়ার ঝুঁকি কম তাদের **বছরে একবার** চেক–আপ করানো হবে।

আপনার দাঁতের সমস্যা থাকলে বা দাঁতের রোগ হওয়ার ঝুঁকি বেশি থাকলে আপনাকে তাডাতাডি দেখা হবে।

আমাব চেক আপ কে কব্বে

আপনার চেক–আপ একজন ডেন্টিস্ট, ডেন্টাল থেরাপিস্ট বা হাইজিনিস্ট দ্বারা করা হবে। ডেন্টাল টিম আপনার চেক–আপ এবং কোন চিকিৎসার জন্য কে সেরা ব্যক্তি তা নির্ধারণ করে।

আমার চিকিৎসার প্রয়োজন হলে কী হবে?

আপনাকে চিকিৎসার জন্য ফিরে আসতে হবে বা ডেন্টাল দলের অন্য সদস্যের দ্বারা দেখার প্রয়োজন হতে পারে। তারা ব্যাখ্যা করবে যে আপনাকে কোন এনএইচএস চার্জ দিতে হবে কিনা বা আপনি দাঁতের খরচের জন্য সাহায্য পেতে পারেন কিনা।



আমার প্রবর্তী চেক-আপের আগে যদি আমার কোনো সমস্যা হয় তাহলে কী হবে?

আপনার পরবর্তী চেক-আপের আগে আপনার দাঁত, মাড়ি বা মুখের কোনো সমস্যা থাকলে, একটি ডেন্টাল প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন এবং শীঘ্রই দেখা করার জন্য বলুন।

আমার যদি জরুরীভাবে একজন ডেন্টিস্ট দেখাতে হয়?

আপনি যদি একটি ডেল্টাল প্র্যাকটিস অ্যাক্সেস করতে না পারেন, তাহলে 111 এর মাধ্যমে অনলাইনে যোগাযোগ করুন <u>www.111.nhs.uk</u> বা 111 নম্বরে কল করুন।

আমি কোথায় আরো বেশি তথ্য পেতে পারি?

আরও তথ্যের জন্য এই এনএইচএস ওয়েবপৃষ্ঠাগুলি দেখুন:

ডেন্টাল সার্ভিস এবং চেক–আপ সংক্রান্ত তথ্য এখানে পাওয়া যায়
www.nhs.uk/dentalservices

ডেন্টাল সার্ভিস এবং চেক–আপ সংক্রান্ত তথ্য এখানে পাওয়া যায়
www.nhs.uk/teethandgums

